আবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/18/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং কংগ্রেসম্যান টঙ্কো পুরো নিউ ইয়র্কে 1,800টির বেশি সাশ্রয়ী বাসা তৈরি ও সংরক্ষণের জন্য 270 মিলিয়ন মার্কিন ডলারের বেশি তহবিল ঘোষণা করলেন

তহবিলটি পুরো স্টেটে 28টি সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্টের নির্মাণ ও সংরক্ষণকে সমর্থন করবে যা সাপোর্টিভ সার্ভিস দিবে এবং স্থানীয় অর্থনৈতিক বিকাশ উদ্যোগসমূহকে অগ্রসর করবে

গভর্নর আরো হাউজিং তৈরির জন্য লো ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট বাড়াতে ওয়াশিংটনে লেজিস্লেশন পাশ করানোকে সমর্থন করছেন

হাউজিং সাপ্লাই বাড়ানোর মাধ্যমে নিউ ইয়র্কের হাউজিং সঙ্কট সমাধান করতে গভর্নর হোকলের প্রতিশ্রুতির উপর ভিত্তি করে হচ্ছে; পুরো স্টেটে 100,000টি সাশ্রয়ী ইউনিট গঠন বা সংরক্ষণ করার 5 বছরের পরিকল্পনাটি নির্ধারিত সময়ের আগে পূরণ হচ্ছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এবং রিপ্রেজেন্টেটিভ Paul Tonko (পল টঙ্কো) আজকে ঘোষণা করেছেন যে পুরো নিউ ইয়র্কে (New York) 28টি আলাদা আলাদা ডেভেলপমেন্টে 1,800টির বেশি সাশ্রয়ী, সাপোর্টিভ, এবং সাস্টেনেবল বাসা তৈরি ও সংরক্ষণের জন্য ফেডারেল লো ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট (Low-Income Housing Tax Credit, LIHTC) এবং ভর্তুকির মাধ্যমে 270 মিলিয়ন মার্কিন ডলার দেওয়া হয়েছে। অর্থ পাওয়ার প্রজেক্টগুলি প্রত্যেক অঞ্চলের হাউজিং সাপ্লাইকে বাড়াবে বা সংরক্ষণ করবে, পাবলিক হাউজিংকে আপগ্রেড ও আধুনিক করবে, স্থানীয় অর্থনৈতিক বিকাশ উদ্যোগসমূহকে অগ্রসর করবে, এবং সেখানে এনার্জি এফিশিয়েন্ট ফিচার থাকবে যা স্টেটের জলবায়ু লক্ষ্যকে অগ্রসর করবে। তহবিলটি হলো গভর্নর Hochul-এর (হোকল) 25 বিলিয়ন মার্কিন ডলারের পাঁচ বছরের হাউজিং প্ল্যানের (Housing Plan) অংশ, যা পুরো স্টেটে 100,000 সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করার ক্ষেত্রে সঠিক পথে আছে।

"নিউ ইয়র্কের হাউজিং সঙ্কট সমাধান করা শেষ পর্যন্ত একটি সহজ কৌশলে এসে দাঁড়ায়: আরো হাউজিং তৈরি করা," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এইসব অতি গুরুত্বপূর্ণ ফেডারেল রিসোর্স নিউ ইয়র্কবাসীদের জন্য সাশ্রয়ী, আধুনিক, সাস্টেনেবল বাসার অ্যাক্সেস, যা এছাড়াও চাইল্ডকেয়ার, সাপোর্টিভ সার্ভিস, এবং সমৃদ্ধির জন্য ব্যক্তি ও পরিবারের প্রয়োজন এমন সুযোগ সুবিধার অ্যাক্সেসও দেয়, তা পাওয়ার নতুন সুযোগ দেওয়া আমাদের পক্ষে সম্ভব করে।"

ফেডারেল Low-Income Housing Tax Credit প্রোগ্রামটি হলো হাউজিং তৈরি করার ইন্সেন্টিভ দেওয়া এবং পুরো নিউ ইয়র্কের সকল বয়সের মানুষ ও সকল পর্যায়ের জীবনকে প্রভাবিত করে এমন একটি সঙ্কটের সমাধান করার একটি শক্তিশালী হাতিয়ার। সেজন্য গভর্নর Hochul (হোকল) প্রোগ্রামটিকে বড় করার জন্য এবং এটিকে আরো বেশি কার্যকর করার জন্য ওয়াশিংটনের (Washington) লেজিস্লেশনটিকে সমর্থন করছেন। Affordable Housing Credit Improvement Act জাতীয়ভাবে দশ বছরে দুই মিলিয়ন নতুন সাশ্রয়ী ইউনিট এবং নিউ ইয়র্ক স্টেটে 100,000 ইউনিটের বেশির ডেভেলপমেন্ট করার অর্থায়ন করতে বরাদ্দ বাড়াতে পারবে।

রিপ্রেজেন্টেটিভ Paul Tonko (পল টঙ্কো) বলেন, "আমরা যদি আমাদের ঐতিহাসিক বাসার ঘাটতি মেটাতে চাই, তাহলে আমাদেরকে অবশ্যই সাশ্রয়ী হাউজিংয়ে বিনিয়োগ করতে হবে, সেজন্য আমি LIHTC এবং হাউজিং সঙ্কট সমাধানে আমাদেরকে সাহায্য করবে এমন অন্যান্য অতি গুরুত্বপূর্ণ প্রোগ্রামের একজন গর্বিত সমর্থক। সাশ্রয়ী, সাস্টেনেবল হাউজিংকে সমর্থন করা আমাদের কমিউনিটির সকলের জন্য লাভজনক। যখন বহু মিলিয়ন মানুষ সামর্থ্যের মধ্যে মানসম্পন্ন হাউজিং পেতে কষ্ট করছে, তখন আমাদেরকে অবশ্যই এমন স্মার্ট বিনিয়োগ করে যেতে হবে যা পুরো নিউ ইয়র্ক স্টেটের পরিবারগুলিকে সাহায্য করবে।"

স্টেটের সিনেটর Patricia Fahy (প্যাট্রিশিয়া ফাহি) বলেন, "নিউ ইয়র্ক স্টেট এবং ক্যাপিটাল রিজিয়ন (Capital Region) হাউজিং সঙ্কটের মুখোমুখি হয়েছে যার জন্য সাহসী ও নতুন ধরণের ব্যবস্থা নেওয়া দরকার। পুরো স্টেটের অর্ধেকের বেশি ভাড়াটিয়া খরচ সম্পর্কিত চাপে আছে এবং সাশ্রয়ী বাসার একটি ঘাটতি আছে, তাই আরো হাউজিং সাপ্লাই তৈরি করা এবং পরিবারের জন্য দাম কমানোর সময় এখনই। 1,800টি সাশ্রয়ী বাসা তৈরি ও সংরক্ষণ করার জন্য আজকের 270 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রতিশ্রুতি হলো নিউ ইয়র্কের হাউজিং সঙ্কটকে সামনে থেকে মোকাবেলা করার জন্য একটি বড় ধাপ। এই ডেভেলপমেন্টগুলি অতি প্রয়োজনীয় সাশ্রয়ী এবং সাপোর্টিভ হাউজিং নিয়ে আসবে এবং চাকরি তৈরি করবে এবং একই সাথে নিউ ইয়র্কের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যকে অগ্রসর করবে। সকল নিউ ইয়র্কবাসীর জন্য হাউজিংয়ের সুযোগ বাড়াতে থাকার জন্য এবং হাউজিং সঙ্কটকে আগ্রাসীভাবে সমাধান করার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি।"

নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (Homes and Community Renewal, HCR) কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিস্নাউস্কাস) বলেন, "সহজভাবে বললে, 1,800 বাসা তৈরি ও সংরক্ষণ করা একটি মুখ্য বিনিয়োগ যা স্টেটের প্রত্যেক অঞ্চলের বাসিন্দারা যে হাউজিং ঘাটতি এবং ক্রয়ক্ষমতার সঙ্কটের মুখোমুখি হয়েছে তার সরাসরি মোকাবেলা করবে। এই 28টি ডেভেলপমেন্টের জন্য 270 মিলিয়ন মার্কিন ডলারে বেশি দেওয়ার প্রতিশ্রুতি করার মাধ্যমে আমরা কমিউনিটিগুলিকে সাশ্রয়ী, সাপোর্টিভ, এনার্জি-এফিসিয়েন্ট বাসা দিতে সাহায্য করছি যা আগামী অনেক জেনারেশনের জন্য নিউ ইয়র্কবাসীদের চাহিদা পূরণ করার জন্য প্রয়োজন। সকল নিউ ইয়র্কবাসীর জন্য হাউজিং সুযোগ তৈরি ও সংরক্ষণ করতে HCR যে অতি গুরুত্বপূর্ণ ফেডারেল রিসোর্সের উপর নির্ভর করে তার কারণে এটি সম্ভব হয়েছে। হাউজিং সাপ্লাই বাড়ানোর জন্য এবং পুরো স্টেটের স্থানীয় অর্থনৈতিক বিকাশের চেষ্টাকে সমর্থন করার ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক মনযোগের জন্য আমরা তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

প্রজেক্টগুলির জন্য তহবিল বরাদ্দ করেছে নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল, যারা 28টি প্রজেক্টকে সমর্থন করার জন্য 61 মিলিয়ন মার্কিন ডলার ফেডারেল ও স্টেটের লো ইনকাম হাউজিং ট্যাক্স ক্রেডিট এবং 200 মিলিয়ন মার্কিন ডলার ভর্তুকি দিয়েছে। বাড়তি বেসরকারি তহবিল এবং রিসোর্স মিলিত হওয়ায় তহবিল পাওয়া প্রজেক্টগুলি মোট 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ তৈরি করবে বলে আশা করা যাচ্ছে।

অর্থ পাওয়া সকল প্রজেক্ট HCR-এর সাস্টেনেবিলিটি স্ট্যান্ডার্ড মেনে চলে, যা আরো স্বাস্থ্যকর বাঁচার পরিবেশের প্রচার করে এবং নিউ ইয়র্ক স্টেটের Climate Leadership and Community Protection Act-এর নির্ধারিত লক্ষ্যগুলিকে সমর্থন করে। অর্থ পাওয়া অনেকগুলি প্রজেক্ট Clean Energy উদ্যোগ থেকে তহবিল পাবে, এটি HCR এবং নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথোরিটির (New York State Energy Research and Development Authority, NYSERDA) মধ্যে একটি পার্টনারশিপ যা আরো বড় মাত্রার সাস্টেনিবিলিটি অর্জন করতে চায় এবং কার্বন কমাতে চায়।

পাশাপাশি, অর্থ পাওয়া প্রত্যেক ডেভেলপমেন্ট বাসিন্দাদের জন্য বিনামূল্যে ব্রডব্যান্ড ইন্টারনেট সার্ভিস দিবে, যা গভর্নরের ConnectALL উদ্যোগের উপর ভিত্তি করে হবে, যেটি সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলিতে উচ্চ গতির ইন্টারনেট দিতে এবং অপেক্ষাকৃত কম আয়ের নিউ ইয়র্কবাসীর জন্য ডিজিটাল ডিভাইড দূর করতে ঐতিহাসিক বিনিয়োগ করেছে।

অ্যাসেম্বলির সদস্য Linda B. Rosenthal (লিন্ডা বি রোজেনথাল) বলেন, "এমন একটি সময় যখন পৃথিবীর সবথেকে ধনী মানুষ দেশের সাশ্রয়ী হাউজিংয়ের নেটওয়ার্কে করাত চালাচ্ছেন, তখন নিউ ইয়র্ক স্টেট এগিয়ে আসছে। আমাদের সাপোর্টিভ হাউজিংয়ের স্টক তৈরি

ও সংরক্ষণ করার জন্য সম্ভাব্য সকল সেন্ট বিনিয়োগ করা আমাদের জন্য অনেক গুরুত্বপূর্ণ, বিশেষ করে এখন যেহেতু ফেডারেল পর্যায়ে বিপর্যয় চলছে। 1,800 ইউনিটের বেশি সাশ্রয়ী ইউনিট তৈরি এবং সংরক্ষণ করার ফলে হাজার হাজার হোমলেস বা হাউজিংয়ের অনিশ্চয়তায় ভুগতে থাকা নিউ ইয়র্কবাসীদের কাছে এখন বাসা বলার মতো একটি নিরাপদ এবং স্থিতিশীল স্থান থাকবে। গভর্নর Hochul-কে (হোকল) স্টেটের হাউজিং ঘাটতি পূরণ করতে দেখা সন্তোষজনক এবং ফেডারেল পর্যায়ে অতি প্রয়োজনীয় এইসব তহবিল নিশ্চিত করতে সাহায্য করার জন্য আমি কংগ্রেসম্যান Tonko-এর (টঙ্কো) প্রশংসা করছি। নিউ ইয়র্কের সবথেকে দুর্বল বাসিন্দাদের প্রয়োজনকে অগ্রাধিকার দেয় এমন একটি বাজেট পাশ করানোর জন্য তার সাথে এবং আমার কলিগদের সাথে কাজ করতে আমি আগ্রহী।"

অ্যাসেম্বলির সদস্য Gabriella Romero (গ্যাব্রিয়েলা রোমেরো) বলেন, "নিউ ইয়র্কে সাশ্রয়ী হাউজিং বাড়ানোর ব্যাপারে এই বিনিয়োগগুলি অনেক সাহায্য করবে। অতি প্রয়োজনীয় সাপোর্ট সার্ভিস এবং বিনামূল্যের ব্রডব্যান্ড ইন্টারনেটসহ সাস্টেনেবল, অ্যাক্সেসিবল বাসার সংখ্যা বাড়ানো হলে তা আরো বেশি পরিবারকে আমাদের কমিউনিটিতে শেকড় স্থাপন করতে এবং সমৃদ্ধি করতে সাহায্য করবে। আমাদের স্টেটে সাশ্রয়ী হাউজিংয়ের ব্যাপারে তার ধারাবাহিক অঙ্গীকারের জন্য আমি গভর্নরের প্রশংসা করছি।"

<u>অর্থ পাওয়া প্রজেক্টের মধ্যে আছে:</u>

রাজধানী অঞ্চল

- **কলাম্বিয়া (Columbia) কাউন্টির হাডসন (Hudson) সিটিতে Mill Street Lofts-এর জন্য 9.5 মিলিয়ন মার্কিন ডলার:** সিটির মালিকানার জমিতে একটি নতুনভাবে নির্মিত 70 ইউনিটের মিশ্র আয়ের ইনফিল ডেভেলপমেন্ট।

সেন্ট্রাল NY

- **ওনোন্ডাগা (Onondaga) কাউন্টির ভ্যান বুরেন (Van Buren) টাউনে Van Buren Apartments-এর জন্য 10.1 মিলিয়ন মার্কিন ডলার:** একটি ভালো রিসোর্সসহ এলাকায় একটি নতুনভাবে নির্মিত, 70 ইউনিটের সাশ্রয়ী হাউজিং ডেভেলপমেন্ট যেখানে হোমলেস ভেটেরানদের জন্য সাপোর্টিভ সেবাসহ 14টি অ্যাপার্টমেন্ট আছে।
- **ওনোন্ডাগা কাউন্টির ব্যাল্ডউইন্সভিল (Baldwinsville) ভিলেজের La Madre Landing-এর জন্য 6.5 মিলিয়ন মার্কিন ডলার:** একটি নতুনভাবে নির্মিত 52 ইউনিটের সাশ্রয়ী ডেভেলপমেন্ট, যেখানে দুর্বল জনসংখ্যার জন্য সাপোর্টিভ সার্ভিসসহ আটটি ইউনিট আছে।

- **কর্টল্যান্ড (Cortland) কাউন্টির কর্টল্যান্ড সিটিতে River Street Senior Apartments-এর জন্য 7.8 মিলিয়ন মার্কিন ডলার:** 62 বা তার বেশি বয়সের সিনিয়রদের জন্য একটি নতুনভাবে নির্মিত 53 ইউনিটের ডেভেলপমেন্ট, যেখানে হোমলেস হওয়া নিয়ে কষ্টে থাকা বাসিন্দাদের জন্য সাপোর্টিভ সার্ভিসসহ 12টি ইউনিট আছে।

ফিঙ্গার লেকস

- **লিভিংস্টোন (Livingston) কাউন্টির লিভোনিয়া (Livonia) ভিলেজে Creekside Clearing-এর রিডেভেলপমেন্টের জন্য 2.6 মিলিয়ন মার্কিন ডলার:** একটি বিদ্যমান HCR-নিয়ন্ত্রিত 32 ইউনিটের সম্পত্তির রিডেভেলপমেন্ট এবং এক্সপ্যানশন, যা প্রথমে 2005 সালে নির্মিত হয়েছিলো। বাড়তি 16 ইউনিট তৈরি করা হবে, যার ফলে মোট 48টি ইউনিট হবে। HCR এবং NYSERDA-এর Clean Energy উদ্যোগ থেকে তহবিল থাকবে।
- **মনরো (Monroe) কাউন্টির রচেস্টার (Rochester) সিটির Fine Arts Building Lofts-এর জন্য 6.2 মিলিয়ন মার্কিন ডলার:** 42 ইউনিট মিশ্র আয়ের, মিশ্র ব্যবহারের এবং সাপোর্টিভ হাউজিং প্রজেক্ট তৈরি করতে পূর্বের Hotel Cadillac-কে নতুন উদ্দেশ্যে পুনরায় ব্যবহার করা হবে। তেরোটি ইউনিটে হোমলেস কমবয়সী প্রাপ্তবয়স্কদের জন্য সাপোর্টিভ সার্ভিস থাকবে। ডেভেলপমেন্টটি HCR এবং NYSERDA-এর Clean Energy উদ্যোগ থেকে তহবিল পাচ্ছে।
- **মনরো কাউন্টির রচেস্টার সিটির Fernwood Avenue Apartments-এর জন্য 10.1 মিলিয়ন মার্কিন ডলার:** একটি নতুনভাবে নির্মিত 65 ইউনিটের সাশ্রয়ী এবং সাপোর্টিভ হাউজিং ডেভেলপমেন্ট যেখানে দুর্বল জনসংখ্যার জন্য সাপোর্টিভ সার্ভিসসহ 17টি ইউনিট আছে। ডেভেলপমেন্টে থাকবে Rochester Public Library-এর একটি নতুন, 8,000 বর্গফুট শাখা।

লং আইল্যান্ড

- **সাফোক (Suffolk) কাউন্টির পোর্ট জেফার্সন (Port Jefferson) ভিলেজে Port Jefferson Commons-এর জন্য 8.9 মিলিয়ন মার্কিন ডলার:** Long Island Rail Road-এর পোর্ট জেফার্সন স্টেশন থেকে এক ব্লক দূরে অবস্থিত ট্রানজিটকেন্দ্রিক এবং মিশ্র ব্যবহারের একটি 53 ইউনিটের ওয়ার্কফোর্স হাউজিং ডেভেলপমেন্ট। লং আইল্যান্ড রিজিয়নাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলের (Long Island Regional Economic Development Council) একটি অগ্রাধিকার প্রজেক্ট হিসেবে সনাক্ত হওয়া এই ডেভেলপমেন্টে আছে সাপোর্টিভ ইউনিট এবং দোকানের জন্য বাণিজ্যিক স্থান।

- **সাফোক কাউন্টির সেন্ট্রাল ইসলিপ (Central Islip) হ্যামলেটে One Carleton Green-এর জন্য 15 মিলিয়ন মার্কিন ডলার:** একটি 96 ইউনিটের মিশ্র ব্যবহার ও মিশ্র আয়ের হাউজিং ডেভেলপমেন্ট যেখানে দুর্বল বাসিন্দাদের জন্য সাপোর্টিভ সার্ভিসসহ 15টি ইউনিট আছে, এবং সেই সাথে দোকানের জন্য বাণিজ্যিক স্থান আছে।

মিড-হাডসন

- **ওয়েস্টচেস্টার (Westchester) কাউন্টির ট্যারিটাউন (Tarrytown) ভিলেজে Franklin Towers-এর জন্য 8.1 মিলিয়ন মার্কিন ডলার:** 81 ইউনিটের Franklin Towers-এর অনেক পুরোনো পাবলিক হাউজিং ডেভেলপমেন্টের সংরক্ষণ। প্রজেক্টটি Metro North ট্রেন স্টেশনের এবং ওয়েস্টচেস্টার কাউন্টির বী-লাইন (Bee-line) বাস স্টপের আধা মাইলের মধ্যে অবস্থিত এবং এটি HCR এবং NYSERDA-এর Clean Energy উদ্যোগ থেকে তহবিল পাচ্ছে।
- **রকল্যান্ড (Rockland) কাউন্টির হাভেরস্ট্র (Haverstraw) টাউনের 30 West-এর জন্য 12.1 মিলিয়ন মার্কিন ডলার:** একটি নতুনভাবে নির্মিত 81 ইউনিটের সাশ্রয়ী এবং সাপোর্টিভ হাউজিং ডেভেলপমেন্ট যা একটি অল্প ব্যবহার করা মিউনিসিপ্যাল পার্কিং লটে নির্মাণ করা হচ্ছে। হোমলেস গৃহস্থালির জন্য সাপোর্টিভ সার্ভিসসহ 20টি ইউনিট আছে।
- **ওয়েস্টচেস্টার কাউন্টির মাউন্ট ভার্নন (Mount Vernon) সিটির Waltemade Residence-এর জন্য 18.1 মিলিয়ন মার্কিন ডলার:** 62 বা তার বেশি বয়সের সিনিয়রদের জন্য একটি 102 ইউনিটের ডেভেলপমেন্ট তৈরির জন্য একটি খালি নার্সিং ফ্যাসিলিটিকে নতুন উদ্দেশ্যে পুনরায় ব্যবহার করা হবে। এর মধ্যে থাকবে হোমলেস হওয়া সিনিয়রদের জন্য সাপোর্টিভ সার্ভিসসহ 30 ইউনিট।

মোহক ভ্যালি

- **ওনিডা (Oneida) কাউন্টির ইউটিকা (Utica) সিটির Utica AMP 1-এর জন্য 11.4 মিলিয়ন মার্কিন ডলার:** 1960-এর দশকে নির্মিত ND Peters ডেভেলপমেন্টের মধ্যে দুইটি ভবন যেখানে 28টি ইউনিট আছে, এবং কাছের একটি স্টোরেজ ভবনকে ভেঙ্গে ফেলা হবে এবং তার স্থানে একটি নতুন 71 ইউনিটের তিনতলা সাশ্রয়ী বহু পরিবারের ভবন তৈরি করা হবে।
- **ওনিডা কাউন্টির ডিয়ারফিল্ড (Deerfield) টাউনের Deerfield Apartments-এর জন্য 12.1 মিলিয়ন মার্কিন ডলার:** একটি ভালো রিসোর্সসহ এলাকায় একটি নতুনভাবে নির্মিত 65 ইউনিটের মিশ্র ব্যবহারের ওয়ার্কফোর্স হাউজিং ডেভেলপমেন্ট। চাইল্ডকেয়ার ফ্যাসিলিটি হিসেবে ব্যবহার করার উদ্দেশ্যে একটি বাণিজ্যিক স্থান এখানে থাকবে।

- **ফুলটন (Fulton) কাউন্টির গ্লোভার্সভিল (Gloversville) সিটির Lofts At Littauer Park-এর জন্য 9 মিলিয়ন মার্কিন ডলার:** একটি 73 ইউনিটের মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্টের নতুন নির্মাণ। এখানে হোমলেস হওয়া ভেটেরানদের জন্য সাতটি ইউনিট সংরক্ষিত থাকবে।

নিউ ইয়র্ক সিটি

- **ব্রঙ্কসের (Bronx) Van Cortlandt Ave Apartments-এর জন্য 13.9 মিলিয়ন মার্কিন ডলার:** একটি 12 তলা, 78 ইউনিটের সাশ্রয়ী ও সাপোর্টিভ হাউজিং ডেভেলপমেন্ট নতুন করে নির্মাণ করা হবে। এখানে থাকবে হোমলেস ও দুর্বল জনসংখ্যার জন্য সাপোর্টিভ সার্ভিসসহ 47টি ইউনিট।
- **কুইন্সের (Queens) Hillside Avenue Apartments-এর জন্য 15.4 মিলিয়ন মার্কিন ডলার:** একটি নতুনভাবে নির্মিত 92 ইউনিটের মিশ্র ব্যবহারের, সাশ্রয়ী এবং সাপোর্টিভ হাউজিং ডেভেলপমেন্ট যেখানে একটি নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ মেন্টাল হেলথের (Office of Mental Health) লাইসেন্স করা আউটপেশেন্ট মেন্টাল হেলথ ক্লিনিক থাকবে। এখানে হোমলেস এবং দুর্বল জনসংখ্যার জন্য সাপোর্টিভ সার্ভিসসহ 56টি ইউনিট থাকবে।
- **ব্রুকলিনের (Brooklyn) Bartlett Crossing-এর জন্য 9.9 মিলিয়ন মার্কিন ডলার:** নিউ ইয়র্ক সিটির (New York City, NYC) ডিপার্টমেন্ট অফ হাউজিং প্রিজার্ভেশন অ্যান্ড ডেভেলপমেন্টের (Department of Housing Preservation and Development) মালিকানার দুইটি খালি লটে একটি 78 ইউনিটের, দুই ভবনের, মিশ্র ব্যবহারের ডেভেলপমেন্টের নতুন নির্মাণ করা হবে। এখানে 1,200 বর্গফল রিটেইলার স্থান থাকবে।
- **ব্রঙ্কসের HOGAR Eagle Gardens-এর জন্য 14.6 মিলিয়ন মার্কিন ডলার:** মরিসানিয়া (Morrisania) এলাকায় একটি 83 ইউনিটের সাশ্রয়ী এবং সাপোর্টিভ হাউজিং ডেভেলপমেন্টের নতুন নির্মাণ করা হবে। এখানে হোমলেস হয়ে যাওয়া ব্যক্তিদের জন্য ভর্তুকিসহ 50টি ইউনিট থাকবে।

নর্থ কান্ট্রি

- **লুইস (Lewis) কাউন্টির লোভিল (Lowville) ভিলেজের Lewis and Lowville Apartments-এর জন্য 5 মিলিয়ন মার্কিন ডলার:** চারটি বসবাস করা হচ্ছে এমন পাশাপাশি অ্যাপার্টমেন্ট ভবনের সংরক্ষণ ও মাঝারি পুনর্বাসন যেখানে সামগ্রিকভাবে 40টি সাশ্রয়ী ইউনিট আছে। এখানে HCR এবং NYSERDA-এর Clean Energy উদ্যোগ থেকে তহবিল আছে।

- **লুইস কাউন্টির মার্টিন্সবার্গ (Martinsburg) টাউনের General Martin Apartments-এর জন্য8.6 মিলিয়ন মার্কিন ডলার:** 63টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট তৈরি করার জন্য পূর্বের একটি এলিমেন্টারি স্কুলকে নতুন উদ্দেশ্যে পুনরায় ব্যবহার করা হবে এবং পাশেই একটি ভবন নতুন করে নির্মাণ করা হবে।

সাউদার্ন টিয়ার

- **টম্পকিন্স (Tompkins) কাউন্টির ইথাকা (Ithaca) সিটির Meadow on Seneca-এর জন্য 7.1 মিলিয়ন মার্কিন ডলার:** একটি 70 ইউনিটের মিশ্র আয়ের ডেভেলপমেন্টের নতুন নির্মাণ যেখানে হোমলেস এবং দুর্বল জনসংখ্যার জন্য সাপোর্টিভ সার্ভিসসহ 35টি ইউনিট থাকবে।
- **ব্রুম (Broome) কাউন্টির বিংহ্যামটন (Binghamton) সিটির Gateway Revitalization প্রজেক্টের জন্য 6.3 মিলিয়ন মার্কিন ডলার:** সাতটি বিদ্যমান ভবনে 15টি ইউনিটের উল্লেখযোগ্য পুনর্বাসন এবং 23টি আবাসিক ইউনিট এবং দুইটি বাণিজ্যিক স্থাপনসহ দুইটি মিশ্র ব্যবহারের ভবনের নতুন নির্মাণ। ডেভেলপমেন্টটি HCR এবং NYSERDA-এর Clean Energy উদ্যোগ থেকে তহবিল পাচ্ছে।
- **টম্পকিন্স কাউন্টির ড্রাইডেন (Dryden) টাউনের Freese Road Apartments-এর জন্য 3.7 মিলিয়ন মার্কিন ডলার:** খালি জমিতে একটি 53 ইউনিটের, মিশ্র আয়ের সাশ্রয়ী এবং সাপোর্টিভ ডেভেলপমেন্টের নতুন নির্মাণ। Freese Road একটি প্রধান বাস লাইনের কাছে থাকবে এবং ডাউনটাউন ইথাকা এবং সুযোগসুবিধার সহজ অ্যাক্সেস পাবে।

ওয়েস্টার্ন NY

- **শ্যাটাকোয়া (Chautauqua) কাউন্টির ডানকার্ক (Dunkirk) সিটির Homesteads at Dunkirk Landing-এর জন্য 11.1 মিলিয়ন মার্কিন ডলার:** দুইটি ব্লাইটেড ভবন ভেঙ্গে ফেলা হবে এবং একটি 78 ইউনিটের মিশ্র আয়ের, মিশ্র ব্যবহারে এবং সাপোর্টিভ ডেভেলপমেন্ট নতুন করে নির্মাণ করা হবে। এখানে থাকবে ডিজেবিলিটিসহ ভেটেরানদের জন্য সাপোর্টিভ সার্ভিসসহ 16টি ইউনিট এবং চাইল্ডকেয়ার ফ্যাসিলিটি হিসেবে ব্যবহার করার উদ্‌দেশ্যে বাণিজ্যিক স্থান।
- **ইরি (Erie) কাউন্টির ইভান্স (Evans) টাউনের St. Paul's Apartments II-এর জন্য 6.2 মিলিয়ন মার্কিন ডলার:** 55 এবং তার বেশি বয়সের সিনিয়রদের জন্য খালি জমিতে একটি 53 ইউনিটের ডেভেলপমেন্টের নতুন নির্মাণ, যেখানে সাপোর্টিভ সার্ভিসসহ 16টি ইউনিট থাকবে।

- **ইরি কাউন্টির টোনাওয়ান্ডা (Tonawanda) সিটির Hillview Commons-এর জন্য 7.3 মিলিয়ন মার্কিন ডলার:** 55 এবং তার বেশি বয়সের সিনিয়রদের নতুন করে নির্মিত 52 ইউনিটের ডেভেলপমেন্ট যা অচল হয়ে যাওয়া Jacob J. Guzzetta Senior Citizens Buildings-এর স্থান নিবে।
- **ইরি কাউন্টির বাফেলো (Buffalo) সিটির School 44 on Broadway 10.9 মিলিয়ন মার্কিন ডলার:** 65 ইউনিট তৈরির জন্য, এবং একই সাথে 12টি তিন বেডরুমের টাউনহোমসহ মোট 77টি নতুন সাশ্রয়ী ইউনিটের জন্য একটি খালি, ঐতিহাসিক পাবলিক স্কুলের সংরক্ষণ এবং নতুন উদ্দেশ্যে পুনরায় ব্যবহার করা হবে। এখানে হোমলেস এবং দুর্বল পরিবারের জন্য 39টি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত থাকবে।

গভর্নর হোকলের আবাসন এজেন্ডা

নিউ ইয়র্কের আবাসন সঙ্কটের সমাধান করতে এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য স্টেটকে আরো সাশ্রয়ী ও বাসযোগ্য করতে গভর্নর Hochul (হোকল) প্রতিশ্রুতিবদ্ধ। অর্থ বছর 25 এর প্রণীত বাজেটের অংশ হিসাবে গভর্নর আপস্টেট কমিউনিটির জন্য নতুন ট্যাক্স ইনসেনটিভ, নতুন প্রণোদনা এবং নিউ ইয়র্ক সিটিতে আরো আবাসন তৈরির জন্য নির্দিষ্ট কিছু স্টেটের বিধিনিষেধ থেকে মুক্তির মাধ্যমে নিউ ইয়র্কের আবাসন সরবরাহ বাড়ানোর জন্য একটি যুগান্তকারী চুক্তি সুরক্ষিত করেছেন, যা 500 মিলিয়ন ডলারের স্টেটের মালিকানাধীন সম্পত্তিতে 15,000টি পর্যন্ত নতুন বাড়ি নির্মাণের জন্য মূলধন তহবিল, অতিরিক্ত 600 মিলিয়ন ডলার স্টেট ব্যাপী বিভিন্ন আবাসন উন্নয়ন এবং ভাড়াটে এবং বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষার জন্য অর্থায়ন।

পাশাপাশি, ফিসক্যাল ইয়ার 2023-এর পাশ করা বাজেটের অংশ হিসেবে গভর্নর একটি পাঁচ বছরের, 25 বিলিয়ন মার্কিন ডলারের হাউজিং প্ল্যান ঘোষণা করেছেন যা পুরো স্টেটে 100,000টি সাশ্রয়ী বাসা তৈরি বা সংরক্ষণ করবে, যার মধ্যে দুর্বল জনসংখ্যার জন্য সাপোর্ট সার্ভিসসহ 10,000 ইউনিট থাকবে, সেই সাথে আরো 50,000 বাসার ইলেকট্রিফিকেশন করা হবে। এখন পর্যন্ত 55,000 এর বেশি বাসা তৈরি বা সংরক্ষণ করা হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন